[redacted]

[redacted]

বাংলাদেশে প্রবেশ করানোর চেষ্টা করে বিএসএফ। তেঁতুলবাড়িয়া বিজিবি ক্যাম্প ও স্থানীয় গ্রামবাসীর প্রতিরোধের মুখে তারা বাংলাদেশে ঢুকতে ব্যর্থ হয়। পরে তারা ভারতের ভূখণ্ডে কাঁটাতারের বেড়ার পাশে অবস্থান নেয়।

স্থানীয়দের অভিযোগ, বিএসএফ কাঁটাতারের বেড়া খুলে ওই ব্যক্তিদের বাংলাদেশের দিকে ঠেলে দেয়। তবে বিজিবি ও গ্রামবাসীরা শক্ত অবস্থান নেওয়ায় তারা আর এগোতে পারেনি।

বিজিবি-৬ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসান বলেন, “মেহেরপুর সীমান্তে একাধিকবার পুশইনের চেষ্টা করা হয়েছে। তবে বিজিবির কঠোর অবস্থানের কারণে কেউ বাংলাদেশে প্রবেশ করতে পারেনি। সীমান্তে সর্বোচ্চ সতর্কতা বজায় রাখা হয়েছে এবং স্থানীয় জনগণের সহযোগিতায় নজরদারি আরও জোরদার করা হয়েছে।”

তিনি আরও বলেন, “অবৈধ কোনো অনুপ্রবেশ কিংবা পুশইন মেনে নেওয়া হবে না। যেকোনো ধরনের পুশইন প্রতিরোধে বিজিবি বদ্ধপরিকর।”

জানা গেছে, মেহেরপুর জেলার বিভিন্ন সীমান্ত এলাকায় বিজিবি একাধিক বিওপি কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো বুড়িপোতা বিওপি, মুজিবনগর বিওপি, কাজীপুর বিওপি, আমঝুপি বিওপি, বালিয়াঘাট বিওপি, কুতুবপুর বিওপি, শোলমারী বিওপি, তেঁতুলবাড়িয়া বিওপি, রামনগর বিওপি, সাহেবনগর বিওপি, কল্যাণপুর বিওপি ও জয়নগর বিওপি।

গাংনী সীমান্তে আবারো তিনজনকে পুশইনের চেষ্টা

মেহেরপুরের গাংনী সীমান্তে আবারো তিনজনকে পুশইনের চেষ্টা করেছে বিএসএফ।
আজ শুক্রবার ভোরে উপজেলার কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা সীমান্তে সীমান্ত দিয়ে বিএসএফ তিনজনকে পুশইনের চেষ্টা করলে বিজিবি ও স্থানীয়দের মুখে বিএসএফ তাদের ফেরত নেয়।
ধলা বিজিবি ক্যাম্পের কমান্ডার হাবিলদার শিশির কুমার সরকার বলেন,

ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার করিমপুর থানার বুড়িপোতা বিএসএফ ক্যাম্পের সদস্যরা গেট খুলে তিনজনকে পুশইনের চেষ্টা করে। বিজিবি ও গ্রামবাসীর সতর্ক অবস্থানের কারণে তারা বাংলাদেশের প্রবেশ করতে পারেনি। পরে বিজিবি এবং বিএসএফের মধ্যে আলোচনার পর ওই তিনজনকে ফেরত নেয় বিএসএফ।
উল্লেখ্য: চলতি মাসে মেহেরপুর জেলার বিভিন্ন সীমান্ত দিয়ে বিএসএফ তিন দফায় ২০ জনকে পুশইনের চেষ্টা করে।
বিজিবি ও গ্রামবাসীর প্রতিরোধের মুখে পুশইনের চেষ্টা ব্যর্থ হয়।

মুক্তিযোদ্ধা আহম্মদ আলী কলেজে এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় ও দোয়া অনুষ্ঠান

মুক্তিযোদ্ধা আহম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের ২০২৬ সালের এইচএসসি (বিএমটি) পরীক্ষার্থীদের বিদায় ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার কলেজের কনফারেন্স রুমে অনুষ্ঠিত অনুষ্ঠানে সহকারী অধ্যাপক রকিবুল হাসান রিপন সভাপতিত্ব করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন কলেজের অধ্যক্ষ শাহি উদ্দীন মিল্টন। এ সময় আরও বক্তব্য রাখেন অনুষ্ঠানের আয়োজক কমিটির আহ্বায়ক ও কম্পিউটার অপারেশন বিভাগের সহকারী অধ্যাপক জাহিদুল আলম হিটু, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক নাজনীন আক্তার, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক আশরাফুল হক, ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক নয়ন ইসলাম এবং কলেজের সাবেক শিক্ষার্থী নাফিউল ইসলাম।

দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী সাইফুল ইসলামের পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যক্ষ শাহি উদ্দীন মিল্টন শিক্ষার্থীদের পরীক্ষাসংক্রান্ত বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।

এছাড়া বক্তারা পরীক্ষার হলে করণীয় ও বর্জনীয় বিষয়ে আলোচনা করেন এবং শিক্ষার্থীরা যেন সুন্দর ও সুশৃঙ্খলভাবে পরীক্ষা দিতে পারে সে বিষয়ে বিভিন্ন পরামর্শ দেন।

অনুষ্ঠানের শেষে পরীক্ষার্থীদের সাফল্য কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া ও মোনাজাত পরিচালনা করেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক আশরাফুল হক।

গাংনীতে রাতের আধারে চাষির পুকুরে বিষ প্রয়োগ; ২০ লক্ষাধিক টাকার মাছ ধ্বংস

রাতের আধারে চাষির পুকুরে বিষ প্রয়োগ;মারা গেলো ২০ লক্ষাধিক টাকার মাছ। মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের একটি মাছ চাষের পুকুরের ২০ লক্ষাধিক টাকার মাছ মারা গেছে। পুর্বশত্রুতার জের ধরে অজ্ঞাত কেউ বিষ ঢেলে মাছ নিধন করেছে বলে অভিযোগ মাছ চাষী কামরুজ্জামানের।

আজ বৃহস্পতিবার ভোরে মাছ মরে ভেসে উঠলে বিষয়টি তার নজরে আসে।

স্থানীয় সুত্রে জানা গেছে, কামরুজ্জামান ৩ বিঘা পুকুরে মাছ চাষ করেছেন। দুই বছর ধরে পাঙ্গাস জাতীয় মাছ চাষ করছেন । একেকটি মাছ ৭-১২ কেজি পর্যন্ত ওজন হয়েছে। কয়েকদিন পরেই মাছ বিক্রি করতেন তিনি।

অথচ আজ সকালে স্থানীয়রা পুকুরে মাছ মরে ভেসে উঠতে দেখেন। পুকুর মালিক লোকজন নিয়ে মাছ তুলে বিক্রির চেষ্টা করেছেন। তবে বিষে আক্রান্ত নেই বেশিরভাগ মাছে পচন ধরেছে। এতে তার ২০ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান মাছ চাষী কামরুজক্জামান।

দ্রুততম সময়ে বিষয়টির তদন্ত করে দোষীদের বিরুদ্ধ ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি পরিদর্শক (তদন্ত) আল মামুন জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টি খতিয়ে দেখে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের পক্রিয়া চলছে।

মেহেরপুর পৌরসভার ৬৬ কোটি টাকার বাজেট পেশ

মেহেরপুর পৌরসভার ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ৬৬ কোটি টাকার প্রস্তাবিত বাজেট পেশ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার পৌর কালাচাঁদ মেমোরিয়াল হলে অনুষ্ঠিত উন্মুক্ত বাজেট আলোচনা সভায় প্রশাসক তরিকুল ইসলামের সভাপতিত্বে বাজেট পেশ করেন পৌরসভার হিসাব রক্ষক মহাদ্দেস হোসেন।

এসময় সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মেদ মোসলেহ উদ্দিন, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিমা খাতুন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুসহ পৌরসভার কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বাজেট বিবরণীতে জানা গেছে, রাজস্ব আয় ধরা হয়েছে ১৩ কোটি ৪৯ লাখ ৮৮ হাজার টাকা এবং ব্যয় ধরা হয়েছে ১৩ কোটি ২৬ লাখ ৬৮ হাজার টাকা। রাজস্ব উদ্বৃত্ত ধরা হয়েছে ২৩ লাখ টাকা। বাজেটের বাকিটা ধরা হয়েছে বিভিন্ন প্রকল্পের উন্নয়ন খাত থেকে সম্ভাব্য আয় হিসেবে। তবে জলবায়ু খাতে কোন বরাদ্দ রাখা হয়নি এবারের বাজেটে।

মেহেরপুরে গাছের সঙ্গে বিআরটিসি বাসের ধাক্কা, চালক আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে রাস্তার পাশের একটি গাছের সঙ্গে ধাক্কা লেগে রাজশাহীগামী একটি বিআরটিসি বাস দুর্ঘটনার কবলে পড়েছে। এ ঘটনায় বাসের চালক আহত হয়েছেন। আজ বৃহস্পতিবার সকাল ৭টার দিকে মেহেরপুরের ইমপ্যাক্টের সামনে এ দুর্ঘটনা ঘটে।

আহত চালক শামীমের বাড়ি পাবনা জেলায় বলে জানা গেছে। দুর্ঘটনার পর স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা গেছে, বিআরটিসির একটি কোচ (ঢাকা মেট্রো-ব ১৫-৬০০৪) মেহেরপুর কাউন্টার থেকে রাজশাহীর উদ্দেশ্যে যাত্রা শুরু করে। পথে মেহেরপুর শহরের উপকণ্ঠে ব্র্যাক ও ইমপ্যাক্ট ফাউন্ডেশনের মাঝামাঝি এলাকায় একটি ট্রাককে ওভারটেক করার সময় সামনে একটি ভ্যান চলে আসে।

এ সময় সম্ভাব্য সংঘর্ষ এড়াতে গিয়ে চালক বাসটির নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। পরে বাসটি সড়কের পাশে থাকা একটি গাছের সঙ্গে সজোরে ধাক্কা খায়। এতে বাসটির সামনের অংশ দুমড়ে-মুচড়ে যায় এবং চালক আহত হন।

দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয়রা দ্রুত উদ্ধার কাজে এগিয়ে আসেন। তবে বাসের অন্যান্য যাত্রীরা গুরুতর আহত হননি বলে জানা গেছে।

গাংনী সীমান্তে ৭ জনকে পুশইনের

চেষ্টা; বাধা বিজিবি ও স্থানীয়দের

মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা সীমান্ত এলাকা দিয়ে ৭ জনকে বাংলাদেশে পুশইনের চেষ্টা চালিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

তবে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর কঠোর অবস্থান এবং স্থানীয়দের বাধার মুখে পুশইনের সেই চেষ্টা এখন পর্যন্ত ব্যর্থ হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৫ জুন) ভোরে বাংলাদেশ-ভারত সীমান্তের শূন্যরেখার ১৪২/৫-এস সাব-পিলারের কাছে শূন্যরেখার ওপারে সাতজনকে দেখতে পান স্থানীয়রা। এ সময় তাদের বাংলাদেশে প্রবেশ করানোর চেষ্টা করা হলে বিজিবি কঠোর অবস্থান গ্রহণ করে। ফলে পুশইনের চেষ্টা ব্যর্থ হয় এবং ওই ব্যক্তিরা বাংলাদেশ সীমান্ত এলাকা থেকে সরে যায়।

স্থানীয়দের দাবি, পুশইনের চেষ্টা করা সাতজনের মধ্যে একজন নারী ও ছয়জন পুরুষ রয়েছেন। তবে তাদের পরিচয়, জাতীয়তা কিংবা কী কারণে তাদের সীমান্তে আনা হয়েছিল, সে বিষয়ে এখনো কোনো তথ্য পাওয়া যায়নি।

স্থানীয় বাসিন্দা রোকনুজ্জামান বলেন, “গতকাল মধ্যরাতে কোনো একসময় ওই সাতজনকে ভারতের কাঁটাতার পার করে দেওয়া হয়। তখন তারা সীমান্ত এলাকায় ঘোরাঘুরি করতে থাকলে আমরা তাদের দেখতে পেয়ে বিষয়টি বিজিবিকে জানাই এবং তাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে ভারত থেকে বাংলাদেশে প্রবেশে বাধা প্রদান করি।”

পুশইনের আশঙ্কায় সীমান্ত এলাকায় বর্তমানে বিজিবি সীমান্তে জনবল বাড়ানোর পাশাপাশি নজরদারিও অনেক বাড়িয়েছে।

বিজিবি-৬ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসান জানান, “আজ বৃহস্পতিবার (২৫ জুন) ভোরে বিএসএফ সাতজনকে বাংলাদেশে পুশইনের চেষ্টা করেছিল। কিন্তু বিজিবির কঠোর অবস্থানের কারণে তারা বাংলাদেশে প্রবেশ করতে পারেনি।”

তিনি আরও বলেন, “সীমান্তে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। স্থানীয় জনগণের সহযোগিতায় নজরদারি জোরদার করা হয়েছে। পুশইন প্রতিরোধে বিজিবি বদ্ধপরিকর।”

সীমান্তে পুশইনের অভিযোগ নিয়ে স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিলেও বিজিবির কঠোর অবস্থানের কারণে পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। সীমান্ত এলাকায় অতিরিক্ত সতর্কতা অব্যাহত রয়েছে।

মেহেরপুরে ডিবির অভিযানে গাঁজা গাছসহ আটক ১

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা মাঠ এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সাড়ে সাত ফুট (৯১ ইঞ্চি) লম্বা এবং প্রায় ৪ কেজি ওজনের একটি গাঁজা গাছ উদ্ধার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ ঘটনায় এক ব্যক্তিকে আটক করা হয়েছে।

বুধবার বিকেল ৩টার দিকে উপজেলার ধলা মাঠ এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। আটক ব্যক্তি হলেন ধলা গ্রামের সাব্দুদ মণ্ডল। তিনি একই গ্রামের জমিরউদ্দীন মণ্ডলের ছেলে।

ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি প্রদীপ কুমার সানার নেতৃত্বে উপ-পরিদর্শক (এসআই) আলী রাজ এবং ডিবির একটি দল অভিযান পরিচালনা করে। অভিযানে সহযোগিতা করেন ধলা ক্যাম্পের পুলিশ সদস্যরা। এ সময় প্রায় সাড়ে সাত ফুট (৯১ ইঞ্চি) লম্বা ও আনুমানিক ৪ কেজি ওজনের একটি গাঁজা গাছ উদ্ধার করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি প্রদীপ কুমার সানা বলেন, “মাদক নির্মূলে জেলা গোয়েন্দা পুলিশের অভিযান নিয়মিতভাবে চলমান রয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজা গাছটি উদ্ধার করা হয়েছে। মাদকসংশ্লিষ্ট যেকোনো অপরাধের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে।”

তিনি আরও বলেন, “এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে। ডিবির উপ-পরিদর্শক (এসআই) আলী রাজ বাদী হয়ে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন। ডিবি কার্যালয়ে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে এবং গাংনী থানায় মামলা দায়েরের প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আটক ব্যক্তিকে গাংনী থানা পুলিশের মাধ্যমে আদালতে পাঠানো হবে।”

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ও গ্রাফিতি-চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ এবং গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে এ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রাহীমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট ও ক্রেস্ট তুলে দেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, শুধু শ্রেণিকক্ষে প্রথম, দ্বিতীয় বা তৃতীয় হওয়াই প্রকৃত শিক্ষা নয়; মানুষের মতো মানুষ হয়ে ওঠাই প্রকৃত শিক্ষা। তিনি বলেন, চিত্রাঙ্কন, গ্রাফিতি, কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতার মতো আয়োজন একজন শিক্ষার্থীর সৃজনশীলতা বিকাশের অন্যতম মাধ্যম। এসব প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের চিন্তা-চেতনা, সমাজের চাহিদা, আকাঙ্ক্ষা ও প্রতিবাদের ভাষা সবার সামনে তুলে ধরতে পারে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা

প্রশাসক পার্থ প্রতিম শীল।

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে অনুষ্ঠিত উপস্থিত বক্তৃতা, বিতর্ক, রচনা, কুইজ, হামদ-নাত, কোরআন তেলাওয়াত, দেশাত্মবোধক গান, রবীন্দ্রসঙ্গীত, নজরুলসঙ্গীত, লোকসঙ্গীত, একক অভিনয়, চিত্রাঙ্কন ও গ্রাফিতি প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণ করা হয়।

এ সময় জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

জেলার মোট ৭৫ হাজার ৬১৫ শিশুকে খাওয়ানো হবে জাতীয় ভিটামিন ‘এ’

মেহেরপুর জেলার তিন উপজেলা ও মেহেরপুর পৌরসভার টিকাদান কেন্দ্রের মাধ্যমে জেলার ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী মোট ৭৫ হাজার ৬১৫ শিশুকে দেওয়া হবে জাতীয় ভিটামিন এ।

জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন-২০২৬ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সাংবাদিকদের নিয়ে অবহিতকরণ সভা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আগামী রবিবার (২৮ জুন) মেহেরপুরের তিন উপজেলার মোট ৪৭৪টি কেন্দ্রের মাধ্যমে ৬ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে।

এর মধ্যে ৬ থেকে ১১ মাস বয়সী ৯ হাজার ৬১৬ জন শিশুকে নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৬৫ হাজার ৯৯৯ জন শিশুকে লাল রঙের উচ্চ ক্ষমতাসম্পন্ন ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

বুধবার ১২ টায় মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে জাতীয়